গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
দিনাজপুর
**www.dwao.dinajpur.gov.bd.com**

স্মারক নং- ৩২.০১.২৭০০.০০০.১৬.০০১.২৬- 221

তারিখ : ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

# বিজ্ঞপ্তি

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে অনুদান প্রদানের লক্ষ্যে অনুদান প্রত্যাশীদের আবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৩২..০১.০০০০.০১৪.১৮.০০৪.২১-৬২; তারিখ : ২১/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল হতে অসহায়, অসুস্থ, অনাথ, আর্থিক দুর্দশাগ্রস্থ, এসিড আক্রান্ত, মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ মহিলা ও শিশুদের এককালীন আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত আগামী ২০/০৫/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে অনুদান প্রত্যাশীদের নিকট হতে আবেদন গ্রহণ করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

শর্তাবলী ঃ

১। আবেদনকারী অথবা তাদের পক্ষে মনোনীত অভিভাবকগণকে স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর /ইউপি প্রশাসক/চেয়ারম্যান/ইউপি সদস্য/পৌরসভা প্রশাসক এর সুপারিশসহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে স্ব-স্ব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত আবেদন ফরম **www.dwa.gov.bd.com** ওয়েব সাইটে পাওয়া যাবে।

২। সিটি কর্পোরেশন বা জেলা/সদর উপজেলার আবেদনকারীগণকে জেলা সদরে অবস্থিত উপপরিচালকের কার্যালয়ে, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর বরাবর আবেদন দাখিল করতে হবে।

৩। আবেদনকারীকে আবেদনের স্ব-পক্ষে নিম্নোক্ত কাগজপত্রাদী দাখিল করতে হবে।
ক) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
খ) পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গিণ ছবি।
গ) চিকিৎসার ক্ষেত্রে ডাক্তারের ব্যবস্থাপত্র ।
ঘ) আইনগত সহায়তার ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।
ঙ) শিক্ষার ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং পিতা-মাতার বাৎসরিক আয়ের প্রত্যয়ন (প্রশাসক/১ম শ্রেণীর কর্মকর্তা/চেয়ারম্যান/ কর্তৃক প্রদত্ত)

(মোঃ মোর্শেদ আলী খান)
উপপরিচালক (চঃদাঃ)
মহিলা বিষয়ক অধিদপ্তর
দিনাজপুর

প্রাপক:
.......................................
.......................................
.......................দিনাজপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। জেলা প্রশাসক, দিনাজপুর
০২। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
০৩। উপপরিচালক ,সমাজসেবা অধিদপ্তর, দিনাজপুর ।
০৪। জেলা কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর ।
০৫। জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, দিনাজপুর ।
০৬। ..........................................................দিনাজপুর
০৭। অফিস কপি

Dusto.docx